সংবাদ

তারিখ ··25·AUG··2017·· ...
পৃষ্ঠা ···১৬ কলাম···· ৭......

ঢাবিতে

# বঙ্গবন্ধুকে লেখা চিঠি প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক সংসদের উদ্যোগে জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত 'প্রিয় বঙ্গবন্ধু' শিরোনামে বঙ্গবন্ধুকে লেখা চিঠি প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান গতকাল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের পুরস্কার বিতরণ করেন। গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক ও সাংস্কৃতিক সংসদের মডারেটর সাবরিনা সুলতানা চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মফিজুর রহমান।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথির বক্তব্যে বলেন, হত্যাকারীরা বঙ্গবন্ধুকে হত্যা করেই ক্ষান্ত হয়নি, তারা জাতীয় চার নেতাকেও হত্যা করেছে। কালো আইনের মাধ্যমে সংবিধানকে কলঙ্কিত করে বিচার বিলম্বিত করেছে। নানা চড়াই-উৎরাই পেরিয়ে বেশ কয়েকজন হত্যাকারীর ফাঁসি হয়েছে, আশাকরি বাকি কয়েকজনকে বিদেশ থেকে এনে তাদের রায়ও কার্যকর করা হবে।

উল্লেখ্য, চিঠি প্রতিযোগিতায় প্রথম হয়েছেন জয়িতা হালদার, দ্বিতীয় হয়েছেন হৃদ্ধিকা পাল, যুগ্মভাবে তৃতীয় হয়েছেন আজমেরী সুলতানা ও শারমিন জাহান এবং চতুর্থ হয়েছেন তাসলিম হালিম মীম। বিজয়ীদের সার্টিফিকেট, ক্রেস্ট ও উপহার হিসেবে বই প্রদান করা হয়েছে।